

উপজেলা স্বাস্থ্য প্রকল্পের সিটিজেন চার্টার

†mev MñZv th mKj †mev cvl qvi AwaKvi msi ¶Y K†i b

১. উপজেলা স্বাস্থ্য প্রকল্পে আগত নারী-পুরুষ, বৃদ্ধ-যুব-শিশু সকলকে প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা প্রদান করা হয়।
২. দিবা-রাত্রি ২৪ ঘণ্টা জরুরী বিভাগ খোলা থাকে এবং আগত রোগীদের জরুরি চিকিৎসা সেবা প্রদান করা হয়।
৩. ডায়রিয়া রোগীদের জন্য ওআরটি কর্ণার চালু আছে।
৪. হাসপাতালে আগত ও ভর্তি রোগীদের প্রয়োজনীয় প্যাথলজি পরীক্ষা ও এন্ডরে করা হয়।
৫. দিবা-রাত্রি ২৪ ঘণ্টা ই.ও.সি. সেবা (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করা হয়।
৬. ভর্তি রোগীদের বিশেষজ্ঞদের তত্ত্বাবধানে মেডিসিন চিকিৎসাসহ জেনারেল সার্জারি ও গাইনির মেজর ও মাইনর অপারেশন করা হয় (প্রযোজ্য ক্ষেত্রে)।
৭. জাতীয় যক্ষ্মা ও কুষ্ঠ নিয়ন্ত্রণ কার্যক্রমের আওতায় যক্ষ্মা রোগীদের কফ পরীক্ষার জন্য কফ কালেকশন করা হয় এবং যক্ষ্মা ও কুষ্ঠ রোগীদের বিনামূল্যে ঔষধ সরবরাহ করা করা হয়।
৮. ইপিআই কার্যক্রমের আওতায় প্রতিদিন মা ও শিশুদের প্রতিষেধক টিকা দেওয়া হয়।
৯. আগত রোগীদের স্বাস্থ্য, পুষ্টি ও প্রজনন স্বাস্থ্য শিক্ষা দেওয়া হয়।
১০. নারী বান্ধব হাসপাতালের কার্যক্রম পরিচালনা করা হয় (প্রযোজ্য ক্ষেত্রে)।
১১. শিশু বান্ধব হাসপাতালের কার্যক্রম পরিচালনা করা হয় (প্রযোজ্য ক্ষেত্রে)।
১২. স্কিল বার্থ অ্যাটেনডেন্টদের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়।
১৩. আগত কিশোর-কিশোরী ও সক্ষম দম্পতিদের মধ্যে প্রজনন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম পরিচালনা করা হয়।
১৪. আগত রোগীদের মধ্যে দেশীয় ভেষজ চিকিৎসাকে জনপ্রিয় করার লক্ষ্যে ভেষজ চিকিৎসাও প্রদান করা হয়।
১৫. বিভিন্ন উপ-স্বাস্থ্য-কেন্দ্র ও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র থেকে রেফার্ডকৃত রোগীদের গুরুত্ব সহকারে স্বাস্থ্য সেবা দেওয়া হয় এবং প্রয়োজনবোধে কোন কোন রোগীকে জেলা হাসপাতালে রেফার করা হয়।
১৬. সরবরাহ সাপেক্ষে ঔষধসমূহ সেবাকেন্দ্র হতে বিনামূল্যে প্রদান করা হয়। তবে চিকিৎসার প্রয়োজনে কোন কোন ঔষধ কেন্দ্রের বাহির হতে সেবা গ্রহিতাকে ক্রয় করতে হতে পারে।
১৭. বিভিন্ন ওয়ার্ড/বিভাগে মজুদ ঔষধের তালিকা, প্রদানকৃত সেবাসমূহের তালিকা, সেবা প্রদানকারী চিকিৎসকের তালিকা টানানো আছে।

সেবা গ্রহিতার কর্তব্য

সেবা প্রদান কারীগণ সেবা গ্রহিতার নিকট হতে সৌজন্যমূলক আচরণ প্রাপ্তির অধিকার রাখেন।